# লেকচার- ০৫

## সন্ধি ও এর বিচ্ছেদ

### সন্ধি

**সন্ধি শব্দের অর্থ মিলন। সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন–**

- আশা + অতীত = আশাতীত
- হিম + আলয় = হিমালয়

অর্থাৎ দ্রুত উচ্চারণের ফলে পরস্পর সন্নিহিত দুই ধ্বনি পরিবর্তন হয়ে এক ধ্বনিতে রূপান্তরকে সন্ধি বলে। বাংলা ভাষার তুলনায় সংস্কৃতে সন্ধি বেশি হয়।

**সন্ধির উদ্দেশ্য**

ক. স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা।

খ. ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

**সন্ধির প্রকারভেদ :** বাংলা ব্যাকরণ অনুসারে সন্ধি দুই প্রকার–

ক. স্বরসন্ধি ও

খ. ব্যঞ্জনসন্ধি।

**সংস্কৃত ব্যাকরণ অনুসারে সন্ধি তিন প্রকার–**

ক. স্বরসন্ধি,

খ. ব্যঞ্জনসন্ধি এবং

গ. বিসর্গ সন্ধি।

### তৎসম স্বরসন্ধি

**স্বরসন্ধি :** স্বরধ্বনির সাথে স্বরধ্বনির মিলনকে স্বরসন্ধি বলে। যেমন–

- নর + অধম = নরাধম (অ + অ = আ)
- যথা + ইষ্ট = যথেষ্ট (আ + ই = এ)

**১. অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়। আ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–**

| অ + অ = আ | |
|---|---|
| নব + অন্ন = নবান্ন | অপর + অপর = অপরাপর |
| নর + অধম = নরাধম | প্রাণ + অধিক = প্রাণাধিক |
| হিম + অচল = হিমাচল | চর + অচর = চরাচর |
| অন্য + অন্য = অন্যান্য | শশ + অঙ্ক = শশাঙ্ক |
| **অ + আ = আ** | |
| সিংহ + আসন = সিংহাসন | কণ্ঠ + আগত = কণ্ঠাগত |
| হিম + আলয় = হিমালয় | গ্রন্থ + আগার = গ্রন্থাগার |
| জল + আশয় = জলাশয় | স্বৈর + আচার = স্বৈরাচার |
| দেব + আলয় = দেবালয় | ভদ্র + আসন = ভদ্রাসন |
| **আ + অ = আ** | |
| তথা + অপি = তথাপি | কথা + অমৃত = কথামৃত |
| যথা + অর্থ = যথার্থ | ভাষা + অন্তর = ভাষান্তর |
| মহা + অর্ঘ = মহার্ঘ | মহা + অর্ণব = মহার্ণব |
| বিদ্যা + অভ্যাস = বিদ্যাভ্যাস | আশা + অতীত = আশাতীত |
| আজ্ঞা + অধীন = আজ্ঞাধীন | সীমা + অন্তর = সীমান্তর |

| আ + আ = আ | |
|---|---|
| বিদ্যা + আলয় = বিদ্যালয় | দয়া + আর্দ্র = দয়ার্দ্র |
| মহা + আশয় = মহাশয় | আশা + আনন্দ = আশানন্দ |
| কারা + আগার = কারাগার | শিলা + আসন = শিলাসন |
| ক্ষুধা + আতুর = ক্ষুধাতুর | মাত্রা + আধিক্য = মাত্রাধিক্য |
| সদা + আনন্দ = সদানন্দ | |

**২. অ-কার কিংবা আ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়। এ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–**

| অ + ই = এ | |
|---|---|
| নর + ইন্দ্র = নরেন্দ্র | দেব + ইন্দ্র = দেবেন্দ্র |
| পূর্ণ + ইন্দু = পূর্ণেন্দু | স্ব + ইচ্ছা = স্বেচ্ছা |
| পঞ্চ + ইন্দ্রিয় = পঞ্চেন্দ্রিয় | |
| **আ + ই =এ** | |
| যথা + ইচ্ছা = যথেচ্ছা | মহা + ইন্দ্র = মহেন্দ্র |
| **অ + ঈ = এ** | |
| অপ + ঈক্ষা = অপেক্ষা | নর + ঈশ = নরেশ |
| ভব + ঈশ = ভবেশ | গণ + ঈশ = গণেশ |
| **আ + ঈ = এ** | |
| মহা + ঈশ = মহেশ | মহা + ঈশ্বর = মহেশ্বর |
| রমা + ঈশ = রমেশ | ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী |
| উমা + ঈশ = উমেশ | |

**৩. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–**

| অ + উ = ও | |
|---|---|
| নর + উত্তম = নরোত্তম | শীত + উষ্ণ = শীতোষ্ণ |
| পর + উপকার = পরোপকার | জল + উচ্ছ্বাস = জলোচ্ছ্বাস |
| সূর্য + উদয় = সূর্যোদয় | নীল + উৎপল = নীলোৎপল |
| ফল + উদয় = ফলোদয় | হিত + উপদেশ = হিতোপদেশ |
| উত্তর + উত্তর = উত্তরোত্তর | সুপ্ত + উত্থিত = সুপ্তোত্থিত |
| **অ + ঊ = ও** | |
| চল + ঊর্মি = চলোর্মি | এক + ঊন = একোন |
| নব + ঊঢ়া = নবোঢ়া | গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব |
| **আ + উ = ও** | |
| মহা + উৎসব = মহোৎসব | যথা + উপযুক্ত = যথোপযুক্ত |
| যথা + উচিত = যথোচিত | মহা + উপকার = মহোপকার |
| কথা + উপকথন = কথোপকথন | |
| **আ + ঊ = ও** | |
| মহা + ঊর্ধ্ব = মহোর্ধ্ব | মহা + ঊর্মি = মহোর্মি |
| গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি | |

৪. অ-কার কিংবা আ-কারের পর এ-কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়। ঐ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–

| অ + এ = ঐ | |
|---|---|
| এক + এক = একৈক | হিত + এষণা = হিতৈষণা |
| জন + এক = জনৈক | হিত + এষী = হিতৈষী |
| **অ + ঐ = ঐ** | |
| মত + ঐক্য = মতৈক্য | ধন + ঐশ্বর্য = ধনৈশ্বর্য |
| অন + ঐক্য = অনৈক্য | |
| **আ + এ = ঐ** | |
| সদা + এব = সদৈব | তথা + এব = তথৈব |
| **আ + ঐ = ঐ** | |
| রাজা + ঐশ্বর্য = রাজৈশ্বর্য | মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য |

৫. অ-কার কিংবা আ-কারের পর ও-কার কিংবা ঔ-কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়। ঔ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–

| অ + ও = ঔ | আ + ও = ঔ |
|---|---|
| বন + ওষধি = বনৌষধি | কথা + ওষধি = কথৌষধি |
| **অ + ঔ = ঔ** | **আ + ঔ = ঔ** |
| পরম + ঔষধ = পরমৌষুধ | মহা + ঔষধ = মহৌষধ |
| চিত্ত + ঔদার্য = চিত্তৌদার্য | মহা + ঔদার্য = মহৌদার্য |

৬. ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে ঈ-কার হয়। ঈ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–

| ই + ই = ঈ | |
|---|---|
| কবি + ইন্দ্র = কবীন্দ্র | অভি + ইষ্ট = অভীষ্ট |
| রবি + ইন্দ্র = রবীন্দ্র | অতি + ইত = অতীত |
| যতি + ইন্দ্র = যতীন্দ্র | প্রতি + ইত = প্রতীত |
| গিরি + ইন্দ্র = গিরীন্দ্র | মনি + ইন্দ্র = মনীন্দ্র |
| **ই + ঈ = ঈ** | |
| পরি + ঈক্ষা = পরীক্ষা | গিরি + ঈশ = গিরীশ |
| প্রতি + ঈক্ষা = প্রতীক্ষা | ক্ষিতি + ঈশ = ক্ষিতীশ |
| অধি + ঈশ্বর = অধীশ্বর | |
| **ঈ + ই = ঈ** | |
| সুধী + ইন্দ্র = সুধীন্দ্র | মহী + ইন্দ্র = মহীন্দ্র |
| শচী + ইন্দ্র = শচীন্দ্র | অবনী + ইন্দ্র = অবীন্দ্র |
| **ঈ + ঈ = ঈ** | |
| পৃথ্বী + ঈশ্বর = পৃথ্বীশ্বর | অবনী + ঈশ্বর = অবনীশ্বর |
| পৃথ্বী + ঈশ = পৃথ্বীশ | শ্রী + ঈশ = শ্রীশ |
| সতী + ঈশ = সতীশ | |

৭. ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ছাড়া অন্য স্বরবর্ণ পরে থাকলে ই বা ঈ স্থানে 'য' হয়। 'য' (্য ফলা) পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–

| ই + অ = য্ + অ = য বা ্য | |
|---|---|
| অতি + অন্ত = অত্যন্ত | গতি + অন্তর = গত্যন্তর |
| প্রতি + অক্ষ = প্রত্যক্ষ | ইতি + অবসর = ইত্যবসর |
| প্রতি + অহ = প্রত্যহ | বি + অবস্থা = ব্যবস্থা |
| **ই + আ = য্ + আ = য বা ্যা** | |
| ইতি + আদি = ইত্যাদি | অতি + আচার = অত্যাচার |
| প্রতি + আশা = প্রত্যাশা | প্রতি + আবর্তন = প্রত্যাবর্তন |
| ইতি + আকার = ইত্যাকার | বি + আধি = ব্যাধি |
| অতি + আশ্চর্য = অত্যাশ্চর্য | |

| ই + উ = য্ + উ | ই + ঊ = য্ + ঊ |
|---|---|
| প্রতি + উপকার = প্রত্যুপকার | প্রতি + উষ = প্রত্যুষ |
| অভি + উত্থান = অভ্যুত্থান | অতি + ঊর্ধ্ব = অত্যূর্ধ্ব |
| অতি + উক্তি = অত্যুক্তি | নি + ঊন = ন্যূন |
| **ই + এ = য্ + এ** | **ই + ঐ = য্ + ঐ** |
| প্রতি + এক = প্রত্যেক | অতি + ঐশ্বর্য = অত্যৈশ্বর্য |
| **ঈ + অ = য্ + অ** | **ঈ + আ = য্ + আ** |
| নদী + অম্বু = নদ্যম্বু | মসী + আধার = মস্যাধার |

৮. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ-কার হয়। ঊ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–

| উ + উ = ঊ | |
|---|---|
| মরু + উদ্যান = মরূদ্যান | অনু + উদিত = অনূদিত |
| সু + উক্তি = সূক্তি | কটু + উক্তি = কটূক্তি |
| **উ + ঊ = ঊ** | **ঊ + উ = ঊ** |
| বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব | বধূ + উক্তি = বধূক্তি |
| লঘু + ঊর্মি = লঘূর্মি | ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব |

৯. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার কিংবা ঊ-কার ছাড়া অন্য স্বরবর্ণ থাকলে উ বা ঊ স্থানে 'ব' হয়। ব (ব-ফলা) পূর্ববর্ণে যুক্ত হয় যেমন–

| উ + অ = ব্ + অ = ব | |
|---|---|
| অনু + অয় = অন্বয় | সু + অল্প = স্বল্প |
| পশু + অধম = পশ্বাধম | মনু + অন্তর = মন্বন্তর |
| **উ + আ = ব্ + আ = বা** | **উ + ই = ব্ + ই = বি** |
| সু + আগত = স্বাগত | অনু + ইত = অন্বিত |
| **উ + ঈ = ব্ + ঈ = বী** | **উ + এ = ব্ + এ = বে** |
| তনু + ঈ = তন্বী | অনু + এষণ = অন্বেষণ |
| **ঊ + আ = ব্ + আ = বা** | |
| বধূ + আলয় = বধ্বালয় | |

১০. অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং ঐ 'অর্' রেফ (র্) রূপে পরবর্তী বর্ণে যুক্ত হয়। যেমন–

| অ + ঋ = অর্ | |
|---|---|
| দেব + ঋষি = দেবর্ষি | উত্তম + ঋণ = উত্তমর্ণ |
| সপ্ত + ঋষি = সপ্তর্ষি | অধম + ঋণ = অধমর্ণ |
| **আ + ঋ = অর্** | |
| মহা + ঋষি = মহর্ষি | রাজা + ঋষি = রাজর্ষি |

১১. অ-কার কিংবা আ-কারের পর যদি 'ঋত' শব্দ থাকে তাহলে 'অর'-এর পরিবর্তে আর হয়। বানানের ক্ষেত্রে পূর্ববর্ণে আ এবং পর বর্ণে রেফ (র্) হয়। যেমন–

| অ + ঋ = আর | আ + ঋ = আর |
|---|---|
| শীত + ঋত = শীতার্ত | ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত |
| ভয় + ঋত = ভয়ার্ত | তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত |
| শোক + ঋত = শোকার্ত | পিপাসা + ঋত = পিপাসার্ত |

১২. ঋ-কারের পর ঋ-কার ছাড়া যেকোনো স্বরধ্বনি পরে থাকলে ঋ-স্থানে 'র' হয়। র-ফলা (্র) হয়ে পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–

| | |
|---|---|
| ঋ + অ = র | পিতৃ + অর্থ = পিত্রর্থ |
| ঋ + আ = রা | পিতৃ + আলয় = পিত্রালয় |
| ঋ + ই = রি | পিতৃ + ইচ্ছা = পিত্রিচ্ছা |
| ঋ + ঈ = রী | ধাতৃ + ঈ = ধাত্রী |
| ঋ + উ = রু | পিতৃ + আদেশ = পিত্রাদেশ |
| ঋ + ঐ = রৈ | পিতৃ + ঐশ্বর্য = পিত্রৈশ্বর্য |

১৩. এ-কারের পর স্বরবর্ণ থাকলে এ-কার স্থানে 'অয়্' হয়। অ-কার পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর 'য়্'-এর সাথে যুক্ত হয়। যেমন–

| | | |
|---|---|---|
| এ + অ = অয় + অ | নে + অন = নয়ন | শে + অন = শয়ন |

১৪. ও-কারের পর স্বরবর্ণ থাকলে ও-কার স্থানে 'অব্' হয়। অ-কার পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর 'ব্'-এর সাথে যুক্ত হয়। যেমন–

| ও + অ = অব + অ | ও + এ = অব + এ |
|---|---|
| লো + অন = লবণ | গো + এষণা = গবেষণা |
| ভো + অন = ভবন | পো + অন = পবন |

১৫. ঐ-কারের পর স্বরবর্ণ থাকলে ঐ-কার স্থানে 'আয়্' হয়। আ-কার পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর 'য়্'-এর সাথে যুক্ত হয়। যেমন–

| | |
|---|---|
| নৈ + অক = নায়ক | গৈ + অক = গায়ক |

১৬. ঔ-কারের পর স্বরবর্ণ থাকলে ঔ-কার স্থানে 'আব্' হয়। আ-কার পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর 'ব্'-এর সাথে যুক্ত হয়। যেমন–

| ঔ + অ = আব + অ | ঔ + ই = আব + ই |
|---|---|
| পৌ + অক = পাবক | নৌ + ইক = নাবিক |
| শৌ + অক = শাবক | |
| **ঔ + উ = আব + উ** | |
| ভৌ + উক = ভাবুক | |

১৭. নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি : যেসব সন্ধি নিয়মানুসারে হয় না তাকে নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি বলে। যেমন–

| | |
|---|---|
| কুল + অটা = কুলটা | গো + ইন্দ্র = গবেন্দ্র |
| গো + অক্ষ = গবাক্ষ | গো + ঈশ্বর = গবেশ্বর |
| প্র + ঊঢ় = প্রৌঢ় | অক্ষ + ঊহিনী = অক্ষৌহিনী |
| স্ব + ঈর = স্বৈর | মার্ত + অণ্ড = মার্তণ্ড |
| শুদ্ধ + ওদন = শুদ্ধোদন | সীমন + অত = সীমন্ত |
| শার + অঙ্গ = শারঙ্গ | |

## কিছু গুরুত্বপূর্ণ স্বরসন্ধি

| | |
|---|---|
| শত + এক = শতেক | অধম + ঋণ = অধমর্ণ |
| শুভ + ইচ্ছা = শুভেচ্ছা | ভয় + ঋত = ভয়ার্ত |
| কাঁচা + কলা = কাঁচকলা | মসী + আধার = মস্যাধার |
| শীত + ঋত = শীতার্ত | এক + ঊন = একোন |
| জন + এক = জনৈক | ভো + অন = ভবন |
| রবি + ইন্দ্র = রবীন্দ্র | নর + অধম = নরাধম |
| পরি + ঈক্ষা = পরীক্ষা | যথা + অর্থ =যথার্থ |
| ইতি + আদি = ইত্যাদি | স + অনুনাসিক = সানুনাসিক |
| নব + ঊঢ়া = নবোঢ়া | বেশি + কম = বেশকম |
| হিত + উপদেশ = হিতোপদেশ | বধূ + উৎসব = বধূৎসব |
| উত্তম + ঋণ = উত্তমর্ণ | তথা + এবচ = তথৈবচ |
| অনু + এষণ = অন্বেষণ | রাজা + ঋষি = রাজর্ষি |
| ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত | মাতৃ + আদেশ = মাত্রাদেশ |
| পিতৃ + আলয় = পিত্রালয় | হস্ত + অন্তর = হস্তান্তর |
| কথা + অমৃত = কথামৃত | পশু + অধম = পশ্বধম |
| পশু + আচার = পশ্বাচার | লঘু + ঊর্মি = লঘূর্মি |
| অর্ধ + এক = অর্ধেক | গৈ + অক = গায়ক |

## তৎসম ব্যঞ্জনসন্ধি

১. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি : স্বরধ্বনির পর ছ থাকলে ছ স্থানে 'চ্ছ' হয়। যেমন–

| অ + ছ = অ + চ্ছ = অচ্ছ | |
|---|---|
| এক + ছত্র = একচ্ছত্র | স্ব + ছন্দ = স্বচ্ছন্দ |
| মুখ + ছবি = মুখচ্ছবি | প্র + ছদ = প্রচ্ছদ |
| বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া | প্র + ছায়া = প্রচ্ছায়া |
| অঙ্গ + ছেদ = অঙ্গচ্ছেদ | আলোক + ছটা = আলোকচ্ছটা |
| **আ + ছ = আ + চ্ছ = আচ্ছ** | |
| কথা + ছলে = কথাচ্ছলে | আ + ছাদন = আচ্ছাদন |
| জিজ্ঞাসা + ছলে = জিজ্ঞাসাচ্ছলে | পরীক্ষা + ছলে = পরীক্ষাচ্ছলে |
| **ই + ছ = ই + চ্ছ = ইচ্ছ** | |
| প্রতি + ছবি = প্রতিচ্ছবি | বি + ছেদ = বিচ্ছেদ |
| পরি + ছেদ = পরিচ্ছেদ | বি + ছিন্ন = বিচ্ছিন্ন |
| পরি + ছদ = পরিচ্ছদ | |
| **উ + ছ = উ + চ্ছ = উচ্ছ** | |
| তরু + ছায়া = তরুচ্ছায়া | |

২. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি : বর্গের প্রথম ধ্বনি অর্থাৎ ক, চ, ট, ত, প-এর পর যদি স্বরধ্বনি থাকে তাহলে বর্গীয় প্রথম ধ্বনি সেই বর্গের তৃতীয় ধ্বনি (গ, জ, ড, দ, ব)-তে পরিণত হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সাথে যুক্ত হয়। যেমন–

| ক্ + অ = গ্ + অ = গ | |
|---|---|
| দিক্ + অন্ত = দিগন্ত | পৃথক + অন্ন = পৃথগন্ন |
| বাক্ + অর্থ = বাগর্থ | বাক্ + যন্ত্র = বাগ্যন্ত্র |
| **ক্ + আ = গ্ + আ = গা** | **ক্ + ঈ = গ্ + ঈ = গী** |
| বাক্ + আড়ম্বর= বাগাড়ম্বর | বাক্ + ঈশ্বরী = বাগীশ্বরী |
| | বাক্ + ঈশ = বাগীশ |
| **ক্ + ঐ = গ্ + ঐ = গৈ** | |
| প্রাক + ঐতিহাসিক = প্রাগৈতিহাসিক | |
| **চ্ + অ = জ্ + অ = জ** | |
| ণিচ্ + অন্ত = ণিজন্ত | অচ্ + অন্তা = অজন্তা |
| **ত্ + অ = দ্ + অ = দ** | **ত্ + আ = দ্ + আ = দা** |
| কৃৎ + অন্ত = কৃদন্ত | সৎ + আনন্দ = সদানন্দ |
| মৃৎ + অঙ্গ = মৃদঙ্গ | সৎ + আশয় = সদাশয় |
| তৎ + অন্ত = তদন্ত | বৃহৎ + আরণ্যক = বৃহদারণ্যক |
| তৎ + অবধি = তদবধি | সৎ + ইচ্ছা = সদিচ্ছা |
| ত্ + ই = দ্ + ই = দি | সুপ্ + অন্ত = সুবন্ত |
| ত্ + ঈ = দ্ + ঈ = দী | জগৎ + ইন্দ্র = জগদীন্দ্র |
| | জগৎ + ঈশ = জগদীশ |
| ত্ + উ = দ্ + উ = দু | সৎ + উদ্দেশ্য = সদুদ্দেশ্য |
| | সৎ + উপদেশ = সদুপদেশ |
| ত্ + ঔ = দ্ + ঔ = দৌ | মহৎ + ঔষধ = মহৌষধ |
| প্ + অ = ব্ + অ = ব | |

৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি

ক. ত্ কিংবা দ্-এর পর চ্ কিংবা ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন–

| ত্ + চ্ = চ্চ | |
|---|---|
| চলৎ + চিত্র = চলচ্চিত্র | উৎ + চারণ = উচ্চারণ |
| সৎ + চিন্তা = সচ্চিন্তা | শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র |

| ত্ + ছ্ = চ্ছ | |
|---|---|
| তৎ + ছবি = তচ্ছবি | সৎ + ছাত্র = সচ্ছাত্র |
| উৎ + ছেদ = উচ্ছেদ | তৎ + ছায় = তচ্ছায় |
| দ্ + চ্ = চ্চ | |
| বিপদ্ + চিন্তা = বিপচ্চিন্তা | বিপদ্ + চয় = বিপচ্চয় |
| দ্ + ছ = চ্ছ | বিপদ্ + ছায়া = বিপচ্ছায়া |

**খ. ত্ কিংবা দ্ এর পর জ্ কিংবা ঝ্ থাকলে ত্ ও দ্ স্থানে জ্ হয়। যথা–**

| ত্ + জ্ = জ্জ | |
|---|---|
| উৎ + জ্বল = উজ্জ্বল | তৎ + জন্য = তজ্জন্য |
| সৎ + জন = সজ্জন | জগৎ + জীবন = জগজ্জীবন |
| জগৎ + জ্যোতি = জগজ্জ্যোতি | যাবৎ + জীবন = যাবজ্জীবন |
| ত্ + ঝ্ = জ্ঝ | |
| কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা (কুজ্‌ঝটিকা) | |
| দ্ + জ্ = জ্জ | বিপদ্ + জাল = বিপজ্জাল |
| তদ্ + জাতীয় = তজ্জাতীয় | বিপদ্ + জনক = বিপজ্জনক |

**গ. শ্ পরে থাকলে ত্ ও দ্ স্থানে চ্ এবং শ্ স্থানে ছ্ হয়। যেমন–**

| | |
|---|---|
| ত্ + শ্ = চ্ + ছ্ = চ্ছ | উৎ + শৃঙ্গল = উচ্ছৃঙ্খল |
| চলৎ + শক্তি = চলচ্ছক্তি | উৎ + শ্বাস = উচ্ছ্বাস |

**ঘ. ত্ কিংবা দ্-এর পর ল্ থাকলে ত্ ও দ্-এর স্থানে 'ল' হয়। যেমন–**

| | |
|---|---|
| ত্ + ল্ = ল্ল | উৎ + লেখ = উল্লেখ |
| উৎ + লাস = উল্লাস | বিদ্যুৎ + লতা = বিদ্যুল্লতা |
| উৎ + লেখ্য = উল্লেখ্য | |

**ঙ. ত্ কিংবা দ্-এর পর ড্ কিংবা ঢ্ থাকলে ত্ ও দ্ স্থানে ড্ হয়। যেমন–**

| ত্ + ড্ = ড্ড |
|---|
| উৎ + ডীন = উড্ডীন |

**চ. পদের অন্তস্থিত ত্ কিংবা দ্-এর পর হ্ থাকলে ত্ ও দ্ স্থানে দ্ এবং হ্ স্থানে ধ্ হয়। যেমন–**

| | |
|---|---|
| ত্ + হ = দ্ + ধ্ = দ্ধ | দ্ + হ্ = দ্ + ধ্ |
| উৎ + হৃত = উদ্ধৃত | তদ্ + হিত = তদ্ধিত |
| উৎ + হার = উদ্ধার | পদ্ + হতি = পদ্ধতি |
| উৎ + হত = উদ্ধত | |

**ছ. স্পর্শবর্ণ পরে থাকলে ম্ স্থানে পরবর্তী বর্গের পঞ্চম বর্ণ হয়।। যেমন–**

| | |
|---|---|
| সম্ + মান = সম্মান | সম্ + তাপ = সন্তাপ |
| সম্ + ন্যাস = সন্ন্যাস | শম্ + কা = শঙ্কা |
| সম্ + দর্শন = সন্দর্শন | সম্ + চয় = সঞ্চয় |

**জ. কখনো কখনো 'ম' স্থানে 'ং' হয়। যেমন–**

| | |
|---|---|
| সম্ + ঘাত = সংঘাত | অহম্ + কার = অহংকার |
| সম্ + গীত = সংগীত | সম্ + গঠন = সংগঠন |
| সম্ + জ্ঞা = সংজ্ঞা | সম্ + কীর্ণ = সংকীর্ণ |

**ঝ. ম-এর পরে অন্তঃস্থ (য, র, ল, ব) বা উষ্ম বর্ণ (শ, ষ, স) কিংবা হ থাকলে 'ম'-এর স্থানে 'ং' হয়। যেমন–**

| | |
|---|---|
| সম্ + যোগ = সংযোগ | সম্ + বাদ = সংবাদ |
| সম্ + সার = সংসার | সম্ + যোগ = সংযোগ |
| সম্ + লাপ = সংলাপ | সম্ + শোধন = সংশোধন |
| সম্ + যম = সংযম | সম্ + যোজন = সংযোজন |
| সম্ + রাগ = সংরাগ | সম্ + শপ্তক = সংশপ্তক |
| সম্ + হার = সংহার | সম্ + শয় = সংশয় |
| সম্ + কল্প = সংকল্প | সম্ + লগ্ন = সংলগ্ন |
| কিম্ + বা = কিংবা | **ব্যতিক্রম :** সম্ + রাট = সম্রাট |

**ঞ. নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি**

| | |
|---|---|
| আ + চর্য = আশ্চর্য | তৎ + কর = তস্কর |
| ষট্ + দশ = ষোড়শ | মনস্ + ঈষা = মনীষা |
| গো + পদ = গোষ্পদ | দিব্ + লোক = দ্যুলোক |
| বন + পতি = বনস্পতি | পতৎ + অঞ্জলি = পতঞ্জলি |
| পর + পর = পরস্পর | এক + দশ = একাদশ |
| বৃহৎ + পতি = বৃহস্পতি | |

**ট. বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধি**

| | |
|---|---|
| উৎ + স্থান = উত্থান | পরি + কৃত = পরিষ্কৃত |
| সম্ + কার = সংস্কার | সম + কৃত = সংস্কৃত |
| উৎ + স্থাপন = উত্থাপন | পরি + কার = পরিষ্কার |
| সম্ + কৃতি = সংস্কৃতি | |

## কিছু গুরুত্বপূর্ণ ব্যঞ্জনসন্ধি

| | |
|---|---|
| ণিচ্ + অন্ত = ণিজন্ত | উৎ + ডীন = উড্ডীন |
| সুপ্ + অন্ত = সুবন্ত | ষট্ + ঋতু = ষড়ঋতু |
| বাক্ + ধারা = বাগ্‌ধারা | পদ্ + হতি = পদ্ধতি |
| বাক্ + দত্তা = বাগ্‌দত্তা | সম্ + চয় = সঞ্চয় |
| সৎ + চিন্তা = সচ্চিন্তা | কৃৎ + অন্ত = কৃদন্ত |
| সৎ + চরিত্র = সচ্চরিত্র | সৎ + উপদেশ = সদুপদেশ |
| কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা | মুখ + ছবি = মুখচ্ছবি |
| উৎ + শ্বাস = উচ্ছ্বাস | বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া |
| বরম্ + চ = বরঞ্চ | বি + ছেদ = বিচ্ছেদ |
| কিম্ +তু = কিন্তু | বসুম্ + ধরা = বসুন্ধরা |
| পরি + ছেদ = পরিচ্ছেদ | সম্পদ্ + লাভ = সম্পল্লাভ |
| সম্ + কৃত = সংস্কৃত | ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা |
| বুধ্ + ত = বুদ্ধ | হিন্ + সা = হিংসা |
| প্রিয়ম্ + বদা = প্রিয়ংবদা | সিন্ + হ = সিংহ |
| ষট্ + আনন = ষড়ানন | উৎ + হত = উদ্ধত |
| বি + ছেদ = বিচ্ছেদ | বাক্ + ময় = বাঙ্ময় |
| ষষ্ + থ = ষষ্ঠ | সম + রাট = সম্রাট |
| কৃষ্ + তি = কৃষ্টি | কিম্ + বা = কিংবা |
| রাজ + নী = রাজ্ঞী | সম্ + লাপ = সংলাপ |
| যজ্ + ন = যজ্ঞ | সম্ + খ্যা = সংখ্যা |
| উৎ + চারণ = উচ্চারণ | যাবৎ + জীবন = যাবজ্জীবন |
| শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র | ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র |
| উৎ + জ্বল = উজ্জ্বল | জগৎ + নাথ = জগন্নাথ |
| সম্ + ধান = সন্ধান | সম্ + গত = সংগত |
| স্বয়ম্ + বরা = স্বয়ংবরা | সম্ + ঘ = সংঘ |
| অহম্ + কার = অহংকার | শম্ + কা = শঙ্কা |

## বিসর্গ সন্ধি

১. অ-কার ছাড়া অন্য স্বর পরে থাকলে বিসর্গ লোপ পায়। যেমন–

✍ অতঃ + এব = অতএব

২. যদি অ-কার বা আ-কার ছাড়া স্বরবর্ণের পরে বিসর্গ থাকে এবং তারপরে স্বরবর্ণ; বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য, র, ব, হ থাকে তবে 'র' হয়। মাঝে মাঝে উক্ত 'র' রেফ (র্) রূপে পরবর্ণে যুক্ত হয়। যেমন–

| | |
|---|---|
| নিঃ + ভয় = নির্ভয় | অন্তঃ + যামী = অন্তর্যামী |
| নিঃ + নয় = নির্ণয় | প্রাদুঃ + ভাব = প্রাদুর্ভাব |
| নিঃ + বাক = নির্বাক | জ্যোতিঃ + ময় = জ্যোতির্ময় |
| আবিঃ + ভাব = আবির্ভাব | দুঃ + আচার = দুরাচার |
| দুঃ + বিনীত = দুর্বিনীত | দুঃ + লজ্য = দুর্লজ্ঘ্য |
| নিঃ + যাতন = নির্যাতন | নিঃ + মল = নির্মল |

৩. বিসর্গের পরে ত্ থাকলে বিসর্গের স্থানে 'স' হয়। যেমন–

| | |
|---|---|
| নিঃ + তার = নিস্তার | ইতঃ + তত = ইতস্তত |
| দুঃ + তর = দুস্তর | মনঃ + তাপ = মনস্তাপ |
| নিঃ + তেজ = নিস্তেজ | অধঃ + তন = অধস্তন |

৪. চ্ কিংবা ছ্ পরে থাকলে বিসর্গ স্থানে 'শ' হয়। যেমন–

| | |
|---|---|
| নিঃ + চয় = নিশ্চয় | দুঃ + চিন্তা = দুশ্চিন্তা |
| নিঃ + চিত = নিশ্চিত | দুঃ + চরিত্র = দুশ্চরিত্র |

৫. ক্, খ্, প্, ফ্ পরে থাকলে অ-কার কিংবা আ-কারের পরবর্তী বিসর্গ স্থানে 'স' হয়। যেমন–

| | |
|---|---|
| মনঃ + কাম = মনস্কাম | তিরঃ + কার = তিরস্কার |
| পুরঃ + কার = পুরস্কার | ভাঃ + কর = ভাস্কর |
| নমঃ + কার = নমস্কার | তেজঃ + কর = তেজস্কর |

৬. ক্, খ্, প্, ফ্ পরে থাকলে অ কিংবা আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গ স্থানে 'ষ' হয়। যেমন–

| | |
|---|---|
| নিঃ + ফল = নিষ্ফল | পরিঃ + কার = পরিষ্কার |
| নিঃ + পাপ = নিষ্পাপ | আবিঃ + কার = আবিষ্কার |
| নিঃ + কাম = নিষ্কাম | চতুঃ + কোণ = চতুষ্কোণ |
| দুঃ + কার্য = দুষ্কার্য | চতুঃ + পদ = চতুষ্পদ |

৭. ট্ কিংবা ঠ্ পরে থাকলে বিসর্গ স্থানে 'ষ' হয়। যেমন–

| | |
|---|---|
| নিঃ + ঠুর = নিষ্ঠুর | চতু + টয় = চতুষ্টয় |
| নিঃ + ঠা = নিষ্ঠা | ধনু + টংকার = ধনুষ্টংকার |

৮. বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্, র্, ল্, ব্, শ পরে থাকলে বিসর্গ স্থানে 'ও' হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন–

| | |
|---|---|
| মনঃ + রম = মনোরম | মনঃ + যোগ = মনোযোগ |
| মনঃ + হর = মনোহর | সদ্যঃ + জাত = সদ্যোজাত |
| তপঃ + বন = তপোবন | সরঃ + বর = সরোবর |
| মনঃ + রথ = মনোরথ | মনঃ + জ = মনোজ |

৯. র পরে থাকলে বিসর্গ স্থানে যে 'র্' হয় তা লোপ পায় এবং পূর্বস্বর দীর্ঘ হয়। যেমন–

| | |
|---|---|
| নিঃ + রব = নীরব | নিঃ + রস = নীরস |
| নিঃ + রোগ = নীরোগ | নিঃ + রন্ধ্র = নীরন্ধ্র |

১০. শ্, ষ্, স্ পরে থাকলে বিসর্গ লোপ পায়। যেমন–

| | |
|---|---|
| নিঃ + স্ব = নিস্ব | অন্তঃ + স্থ = অন্তস্থ |
| নিঃ + শ্বাস = নিশ্বাস | বক্ষঃ + স্থল = বক্ষস্থল |
| নিঃ + স্তব্ধ = নিস্তব্ধ | দুঃ + স্থ = দুস্থ |

| নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি | |
|---|---|
| আঃ + পদ = আস্পদ | মনঃ + কষ্ট = মনঃকষ্ট |
| ভাঃ + কর = ভাস্কর | প্রাতঃ + কাল = প্রাতঃকাল |
| বাচঃ + পতি = বাচস্পতি | শিরঃ + পীড়া = শিরঃপীড়া |
| হরিঃ + চন্দ্র = হরিশ্চন্দ্র | |

| কিছু গুরুত্বপূর্ণ বিসর্গ সন্ধি | |
|---|---|
| প্রাতঃ + আশ = প্রাতরাশ | দুঃ + থ = দুস্থ |
| ভাঃ + কর = ভাস্কর | তিরঃ + কার = তিরস্কার |
| ভ্রাতুঃ + পুত্র = ভ্রাতুষ্পুত্র | পুরঃ + কার = পুরস্কার |
| দুঃ + অবস্থা = দুরবস্থা | ততঃ + অধিক = ততোধিক |
| দুঃ + আত্মা = দুরাত্মা | অন্তঃ + লীন = অন্তর্লীন |
| মনঃ + জ = মনোজ | মনঃ + হর = মনোহর |
| আবিঃ + কার = আবিষ্কার | যশঃ + লাভ = যশোলাভ |
| অতঃ + এব = অতএব | ইতঃ + তত = ইতস্তত |

| | |
|---|---|
| তপঃ + বন = তপোবন | পুনঃ + আয় = পুনরায় |
| মনঃ + যোগ = মনোযোগ | পুনঃ + জন্ম = পুনর্জন্ম |
| দুঃ + তর = দুস্তর | দুঃ + যোগ = দুর্যোগ |
| নিঃ + আকার = নিরাকার | আশীঃ + বাদ = আশীর্বাদ |
| নিঃ + রস = নীরস | দুঃ + লোভ = দুর্লোভ |
| নিঃ + রব = নীরব | নিঃ + চয় = নিশ্চয় |
| বহিঃ + কার = বহিষ্কার | ধনুঃ + টংকার = ধনুষ্টংকার |

## বিগত সালের ব্যাংক প্রশ্ন

১. 'রবীন্দ্র' শব্দের কোন সন্ধি-বিচ্ছেদটি শুদ্ধ? [Bangladesh Bank Officer general, তারিখ: ০২ ডিসেম্বর, ২০২২]
ক) রবী+ইন্দ্র খ) রবি+ইন্দ্র গ) রবি+ঈন্দ্র ঘ) রবী+ঈন্দ্র

২. 'পর্যালোচনা' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ- [Bangladesh Bank Officer general, তারিখ: ০২ ডিসেম্বর, ২০২২]
ক) পর্য+আলোচনা খ) পরি+ আলোচনা
গ) পর্যা+ লোচনা ঘ) পর্যা+আলোচনা

৩. 'স্বৈর' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ- [বাংলাদেশ ব্যাংক ২০২২, পদ: সহকারি পরিচালক, তারিখ: ২৮ অক্টোবর, ২০২২]
ক) স্ব + ইর খ) স + ঈর গ) স্বীয় + ইর ঘ) স্ব + ঈর

৪. 'দুরবস্থা' শব্দটির সন্ধি বিচ্ছেদ কী? [বাংলাদেশ ব্যাংক ২০২২, পদ: সহকারি পরিচালক, তারিখ: ২৮ অক্টোবর, ২০২২]
ক) দূর + অবস্থা খ) দুর + বস্থা
গ) দুঃ + অবস্থা ঘ) দুর + অবস্থা

৫. 'মৃত্যুঞ্জয়' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ- [সমন্বিত ৮ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পদ: অফিসার (জেনারেল), তারিখ: ২১ জানুয়ারি, ২০২২]
ক) মৃতঃ + জয় খ) মৃত্যুম্ + জয়
গ) মৃত্যুঃ + জয় ঘ) মৃত + জয়

৬. 'মনীষা' সন্ধি বিচ্ছেদ কী? [প্রিমিয়ার ব্যাংক ২০২২, পদ: TJO-General/Cash, তারিখ: ২১ অক্টোবর, ২০২২]
ক) মন + ঈষা খ) মনঃ + ইষা
গ) মনস্+ ঈষা ঘ) মনো+ ঈষা

৭. 'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ- [প্রিমিয়ার ব্যাংক ২০২২, পদ: TJO-General/Cash, তারিখ: ২১ অক্টোবর, ২০২২]
ক) গৈ + অক খ) গায়+অক গ) গা + অক ঘ) গৈ + য়ক

৮. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? [সমন্বিত ৯ ব্যাংক, পদ: অফিসার (জেনারেল), তারিখ: ৭ জানুয়ারী- ২০২২]
ক) ধ্বনিতত্ত্ব খ) অর্থতত্ত্ব গ) বাক্যতত্ত্ব ঘ) রূপতত্ত্ব

৯. 'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কী? [First Security Islami Bank (FSIBL) Gi Probationary Officer (PO), পরীক্ষার প্রশ্ন পত্র ২০২১, পরীক্ষার তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০২১]
ক) চতু + পদ খ) চতুঃ + পদ
গ) চতুষ + পদ ঘ) চতু + সপদ

১০. 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি? [প্রবাসী কল্যাণ ব্যাংক, পদের নাম: সিনিয়র অফিসার সেট: ই, তারিখ: ০৯. ১০. ২০২১]
ক) সহ + চর + র্য খ) সহচর + ৎ ফলা
গ) সহচর + য ঘ) কোনোটিই নয়

| উত্তরপত্র | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.খ | ২.খ | ৩.ঘ | ৪.গ | ৫.খ | ৬.গ | ৭.ক | ৮.ক |
| ৯.খ | ১০.গ | | | | | | |

## সন্ধি সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের বিগত বছরের প্রশ্নসমূহ

১. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
[Combined 9 Banks. (Officer [General)-2022]
ক) ধ্বনিতত্ত্ব খ) অর্থতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) রূপতত্ত্ব

২. 'বিষয় বহির্ভূত অথচ প্রচলিত'– ব্যাকরণে একে বলা হয়–
[Pubali Bank Ltd. Trainee Assistant Teller-2017]
ক) ব্যতিক্রম খ) ব্যাভিচার
গ) অনিয়ম ঘ) নিপাতনে সিদ্ধ

৩. কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?
[Bangladesh Krishi Bank (BKB) Officer (Cash)- 2011]
ক) ক্রিয়া খ) অব্যয় গ) বিশেষ্য ঘ) বিশেষণ

৪. পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে কি বলে?
[Exim Bank Limited, Asst. Officer-2010]
ক) সমাস খ)ধ্বনি বিপর্যয় গ) অপিনিহিতি ঘ) সন্ধি

৫. 'স্বাধীনতা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
[Global Islami Bank Ltd.(Probationary Officer-2021)]
ক) সু + অধীনতা খ) স + অধীনতা
গ) শ + অধীনতা ঘ) স্ব + অধীনতা

৬. 'সতীশ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?
[Joint 4 Govt. Banks Officer (General) 2019]
ক) সতি + ইশ খ) সতি + ঈশ
গ) সতী + ইশ ঘ) সতী + ঈশ

৭. 'নবোঢ়া' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
[Joint 6 Govt. Banks & 2 Financial Institutes Senior Officer (General)-2019]
ক) নব + উড়া খ) নৌ+ওঢ়া গ) নবো + উঢ়া ঘ) নব + উঢ়া

৮. 'পশ্বধম' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ কী?
[Janata Bank Ltd. Asst. Executive Officer-2019]
ক) পশু + অধম খ) পশ্মা + অধম
গ) পশ্বা + অধম ঘ) পশু + ধন

৯. 'মহর্ষি' শব্দের সঠিক সন্ধি কোনটি?
[PolliKarma Snahayak Foundation (PKSF) Asst. Manager-2019]
ক) মহ + আর্ষি খ) মহা + ঋষি
গ) মহা + অর্ষি ঘ) মহো + ঋষি

১০. 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
[Janata Bank Ltd. Asst. Executive (Teller)-2019]
ক) ক্ষুধা + ঋত খ) ক্ষুধ + আর্ত
গ) ক্ষুধা + রত ঘ) ক্ষুধার + ত

১১. সন্ধির নিয়মানুসারে ঈ + অ = ?
[Bangladesh Bank Asst. Director (General)-2018 ]
ক) য্+অ খ) য্+আ গ) আ+য্ ঘ) অ+য্

১২. পৌ + অক = ? [BSC Senior Officer-2018 (Cancelled)]
ক) পবক খ) পৌবক গ) পাবক ঘ) পাবন

১৩. জাতি + অভিমান = ?
[Probashi Kallyan Bank Executive Officer (Cash)-2018]
ক) জাত্যাভিমান খ) জাত্যভিমান গ) জাতিভিমান ঘ) জাতভিমান

১৪. কোন সন্ধি বিচ্ছেদটি ভুল?
[Sadharan Bima Corporation Junior Officer-2019]
ক) গৈ + অক = গায়ক খ) সু + অল্প = স্বল্প
গ) আ + চর্য = আশ্চর্য ঘ) দু + লোক = দ্যুলোক

১৫. 'অত্যধিক'-এর সন্ধি বিচ্ছেদ করুন:
[Bangladesh Krishi Bank Data Entry Operator-2018]
ক) অতি + ধিক খ) অত্যা + অধিক
গ) অতি + অধিক ঘ) অ + তাধিক

১৬. 'স্বাধীন' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
[Investment Corporation of Bangladesh (Cashier)-2018]
ক) স + অধীন খ) শ+অধিন গ) স্ব + অধিন ঘ) স্ব + অধীন

১৭. নিচের কোন সন্ধিবিচ্ছেদটি শুদ্ধ নয়?
[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer-2017]
ক) অগ্নি+উৎপাত = অগ্ন্যুৎপাত খ) বিদ্যা + আলয় = বিদ্যালয়
গ) অতি+অধিক = অত্যাধিক ঘ) পুনঃ + বণ্টন = পুনর্বণ্টন

১৮. সন্ধি বিচ্ছেদ করুন: 'নরাধম'
[Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) Upper Division Asst. 2017]
ক) নর +আধম খ) নর+অধম গ) নর + ধম ঘ) নরধ + ম

১৯. 'মনীষা' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
[Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) Upper Division Assistant 2017]
ক) মনী + ঈশা খ) মনস্ + ঈষা
গ) মণী + ঈষা ঘ) মনস + ঈশা

২০. 'শীতার্ত' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
[Karmasangsthan Bank Asst. Officer (General/ Cash) 2012]
ক) শীত + ঋত খ) শীথ + আর্ত
গ) শিত + ঋত ঘ) শিত + অর্ত

২১. সন্ধি বিচ্ছেদ করুন: অর্ধেক = ?[Basic Bank Asst. Manager 2012]
ক) আধা+এক খ) অর্ধ+এক গ) অর্ধে + ক ঘ) অর্ধ + ক

২২. 'বিদ্যালয়'-এর সন্ধি বিচ্ছেদ–
[Exim Bank Limited, Officer (Cash) 2011]
ক) বিদ্যা + আলয় খ) বিদ্য + আলয়
গ) বিদ্যা + লয় ঘ) বিদ + আলয়

২৩. 'শশাঙ্ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
[Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla), Asst Manager (Admin ) 2011]
ক) শশ + অঙ্ক খ) শস+ অঙ্ক গ) শশা + অঙ্ক ঘ) শম + অঙ্ক

২৪. 'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো–
[Rajshahi Krishi Unnayan Bank, Senior Officer 2010]
ক) বি + অর্থ খ) ব্যা +অর্থ গ) বি + আর্থ ঘ) ব্য + অর্থ

২৫. 'গায়ক'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [Rajshahi Krishi Unnayan Bank Cashier 2017; Rupali Bank Ltd. Senior Officer 2010]
খ) গা + য়ক ক) গা+ওক গ) গা + অক ঘ) গৈ + অক

২৬. 'পুরাধ্যক্ষ' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
[Agrani Bank Limited Officer 2010]
ক) পুর + আধ্যক্ষ খ) পুর + অধ্যক্ষ
গ) পুরা + অধ্যক্ষ ঘ) পুরা + আধ্যক্ষ

২৭. 'মৃত্যুঞ্জয়' শব্দটির সন্ধিবিচ্ছেদ কী?
[8 Combined Banks& 1 Financial Institution. (Officer [General)-2022]
ক) মৃতঃ + জয় খ) মৃত্যুম + জয়
গ) মৃত্যুঃ + জয় ঘ) মৃত + জয়

২৮. 'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?
[First Security Islami Bank Ltd.(Probationary Officer-2021)]
ক) চতু + পদ খ) চতুঃ + পদ
গ) চতুষ + পদ ঘ) চতু + সপদ

২৯. 'সংহার' শব্দটির সন্ধি বিচ্ছেদ–
[Rupali Bank Ltd.(Assistant Network Engineer-2021)]
ক) সং + হার খ) সম্+হার গ) সঙ + হার ঘ) সন্ + হার

৩০. **সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

*[Uttara Bank Ltd. (Probationary Officer-2021)]*

ক) বন্ + পতি = বনস্পতি খ) অহঃ + রহ = অহরহ
গ) সং + সার = সংসার ঘ) ছেলে + মি = ছেলেমি

৩১. **'উদ্ধার' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

*[Joint 5 Banks Officer (Cash) 2020]*

ক) উৎ + হার খ) উৎ+ধার গ) উদ্ + ধার ঘ) উত + হার

৩২. **'জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়ম অনুসরণে করা হয়েছে?**

*[2 Govt. Banks Officer (General) 2019]*

ক) ত + জ = জ্জ খ) দ + জ = জ্জ
গ) দ + ঝ = জ্জ ঘ) ত + জ = জ্ঞ

৩৩. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?**

*[Joint 4 Govt. Banks Officer (General) 2019]*

ক) উৎ + শ্বাস = উচ্ছ্বাস খ) উৎ + ডীণ = উড্ডীণ
গ) লভ্ + ধ = লব্ধ ঘ) বৃহৎ + ঢক্কা = বৃহক্কা

৩৪. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?**

*[Janata Bank Ltd. Asst. Executive Officer 2019]*

ক) পরিষ্কার খ) ষড়ানন গ) সংস্কার ঘ) আশ্চর্য

৩৫. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?**

*[Probashi Kallyan Bank Executive Officer (Cash) 2018]*

ক) সম্+চয় = সঞ্চয় খ) রাজ+জ্ঞী = রাজ্ঞী
গ) শ+অন শয়ন ঘ) মনো+কষ্ট = মনঃকষ্ট

৩৬. **বৃষ্টি-এর সন্ধি বিচ্ছেদ কি হবে?**

*[Probashi Kallayan Bank Executive Officer (Cash) 2019; Bangladesh Bank Asst. Director 2011]*

ক) বৃষ + টি খ) বৃশ + টি গ) বৃ + টি ঘ) বৃষ্ + তি

৩৭. **'মৃন্ময়'-এর সন্ধিবিচ্ছেদ কোনটি?** *[Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst. Engineer 2011]*

ক) মৃন + ময় খ) মৃং+ময় গ) মৃৎ + ময় ঘ) মৃঃ + ময়

৩৮. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?**

*[Pubali Bank Limited Senior Officer/ Officer 2011]*

ক) বাক+দান = বাগদান খ) জল = ওকা = জলৌকা
গ) নিঃ+রব = নীরব ঘ) ষট্+দশ = ষোড়শ

৩৯. **'সংলাপ' শব্দের সন্ধি বিচ্ছেদ:**

*[Investment Corporation of Bangladesh (ICB) Officer 2011]*

ক) সম্ + লাপ খ) সং+লাপ গ) স + আলাপ ঘ) সু + আলাপ

৪০. **'পরস্পর' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?**

*[Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst. Engineer 2011; Agrani Bank Limited Officer 2010]*

ক) পরঃ+পর খ) পরস+পর গ) পর+পর ঘ) পরো+পর

৪১. **'সংগীত'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**

*[Agrani Bank Ltd. Officer-2013; Rajshahi Krishi Unnayan Bank, Cashier 2010]*

ক) সং + গীত খ) সং+ গিত গ) সম্ + গীত ঘ) সম + গিত

৪২. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?** *[Agrani Bank Limited Officer 2010]*

ক) সম্ + চয় = সঞ্চয় খ) রাজ + জ্ঞী = রাজ্ঞী
গ) শ + অন = শয়ন ঘ) মনো + কষট = মনঃকষ্ট

৪৩. **কোনটি অশুদ্ধ?** *[Joint 2 Govt. Banks Officer (IT) 2019]*

ক) মনঃ + কষ্ট = মনঃকষ্ট খ) প্রাতঃ + কাল = প্রাতঃকাল
গ) মনঃ + কামনা = মনঃকামনা ঘ) অন্তঃ + করণ = অন্তঃকরণ

৪৪. **বিসর্গ সন্ধির একটি উদাহরণ হলো-**

*[Joint 2 Banks & Financial Institution (Officer) 2018]*

ক) সংস্কৃত খ) আচ্ছন্ন গ) জ্যোতিরিন্দ্র ঘ) গোষ্পদ

৪৫. **'নির্ভয়' শব্দটির গঠনের সঙ্গে সম্পর্কিত নয়-**

*[Bangladesh Krishi Bank Officer (Cash) 2017]*

ক) উপসর্গ খ) সন্ধি গ) প্রত্যয় ঘ) প্রকৃতি

## বিগত সালের ব্যাংক প্রশ্নের উত্তর

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ক | ০২ | ঘ | ০৩ | ক | ০৪ | ঘ | ০৫ | ঘ |
| ০৬ | ঘ | ০৭ | ঘ | ০৮ | ক | ০৯ | খ | ১০ | ক |
| ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ |
| ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |
| ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | ক |
| ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ক |
| ৪১ | গ | ৪২ | ক | ৪৩ | গ | ৪৪ | গ | ৪৫ | গ,ঘ |

## বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন

